

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা।



পত্র সংখ্যা ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০১৩.২০২০-১৭৮


তারিখ ২৬ চৈত্র ১৪২৬
০৯ এপ্রিল ২০২০

পরিপত্র

করোনা ভাইরাস [কোভিড-১৯] প্রতিরোধের লক্ষ্যে সরকার ঘোষিত সাধারণ ছুটি এবং জনস্বার্থে চলাচল ও গমনাগমন নিষেধাজ্ঞা অথবা নিয়ন্ত্রণ ও নিবৃত্তিমূলক যে কোন ব্যবস্থাকালে জরুরি সেবা ও সরবরাহ-শৃঙ্খল যথাসম্ভব স্বাভাবিক রাখার স্বার্থে নিম্নোক্ত পরিষেবাসমূহ যথারীতি চালু থাকবে:

- ক) জরুরি পরিষেবা যেমন: বিদ্যুৎ, পানি, গ্যাস, ফায়ার সার্ভিস, পরিচ্ছন্নতা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট এবং এতদসংশ্লিষ্ট সেবা কাজে নিয়োজিত যানবাহন ও কর্মী;
- খ) চিকিৎসা সেবায় নিয়োজিত এবং ঔষধসহ চিকিৎসা সরঞ্জামাদি বহনকারী যানবাহন ও কর্মী;
- গ) ঔষধ-শিল্প সংশ্লিষ্ট যানবাহন ও কর্মী;
- ঘ) নিত্য প্রয়োজনীয় পণ্যসামগ্রী, খাদ্যদ্রব্য, শিশু খাদ্য, দুগ্ধ ও দুগ্ধজাত দ্রব্য এবং পশু খাদ্য পরিবহনকাজে নিয়োজিত যানবাহন ও কর্মী;
- ঙ) কৃষি পণ্য, সার, কীটনাশক, জ্বালানি ইত্যাদি পণ্য পরিবহনকাজে নিয়োজিত যানবাহন ও কর্মী;
- চ) কৃষিজ-পণ্য উৎপাদন, মৎস্য ও প্রাণিসম্পদ খাতের উৎপাদন, দুগ্ধ-পণ্য উৎপাদন, খাদ্যদ্রব্য উৎপাদনসহ জীবনধারণের মৌলিক পণ্য উৎপাদন ও পরিবহনকাজে নিয়োজিত যানবাহন ও কর্মী;
- ছ) উপরোক্ত পরিষেবাসমূহ সংশ্লিষ্ট রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত যানবাহন ও কর্মী;

০২। মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সাধারণ ছুটি/ সাপ্তাহিক ছুটি এবং জনস্বার্থে চলাচল ও গমনাগমন নিষেধাজ্ঞা অথবা নিয়ন্ত্রণ ও নিবৃত্তিমূলক যে কোন ব্যবস্থা সংক্রান্ত জারিকৃত নির্দেশনাসমূহ যথারীতি বলবৎ থাকবে।


২/৪/২০

(ড. আহমদ কায়কাউস)
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব/ সচিব,..... (সকল)
৩. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা
৪. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা
৫. বিভাগীয় কমিশনার,..... (সকল)
৬. জেলা প্রশাসক,..... (সকল)
৭.

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৩. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/ সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৪. মাননীয় প্রধানমন্ত্রীর দুর্যোগ ব্যবস্থাপনা সমন্বয় ও ত্রাণ তৎপরতা মনিটরিং সেল, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা